গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের জুন ২০২০ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব শেখ মুজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ ও চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
স্থান : অনলাইন সভা, অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ ও সময় : ০৬.০৭.২০২০ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি অনলাইনে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমান সময়ে স্বাস্থ্য সেবা বিভাগে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, সরকারী প্রশাসনে উদ্ভাবনী চর্চার গুরুত্ব অপরিসীম। বর্তমানে বাংলাদেশসহ সারাবিশ্ব একটি সংকটকাল অতিক্রান্ত করছে। কোভিড-১৯ বলতে গেলে পুরো বিশ্বের স্বাস্থ্য ব্যবস্থাকে চ্যালেঞ্জের মুখে ফেলেছে। দেশের এই সংকটকালে স্বাস্থ্য সেবা বিভাগ তার সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা করছে। এজন্য তিনি স্বাস্থ্য সেবা বিভাগ এবং অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তরে কর্মরত সকলকে ধন্যবাদ জানান।তিনি দেশের সকল পর্যায়ে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে কোভিড-১৯ কে মোকাবেলার জন্য নতুন নতুন উদ্ভাবনী চর্চার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।। তিনি সকলকে নিজ নিজ দপ্তরে উদ্ভাবন চর্চা অব্যাহত রাখতে অনুরোধ জানান। সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ড. বিলকিস বেগম, উপসচিব (সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. **শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেপ্লিকেশন/স্কেল আপ:** ড. বিলকিস বেগম, উপসচিব (সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) জানান যে, গত ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মার্চ, ২০২০ মাসের মধ্যে শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেপ্লিকেশনের নিমিত্তে দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হলেও কোভিড-১৯ এর জন্য সম্ভব হয়ে ওঠেনি। তিনি প্রশাসন-৪ অধিশাখাকে কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ জানান। সভাপতি নতুন অর্থবছরে স্বাস্থ্য সেবা বিভাগকে দেশের প্রতিটি বিভাগে শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেপ্লিকেশন করার জন্য কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহন করতে প্রশাসন-৪ অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন।

**০৪. ইনোভেশন কমিটির সভা :** সভাপতি অধিদপ্তর/দপ্তরসমূহে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে না মর্মে অসন্তোষ প্রকাশ করেন। তিনি চলতি অর্থবছর হতে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক মাসিক সভা আয়োজন এবং কার্যবিবরণী স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তরগুলোর সভাতে স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসাবে রাখার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন।

**০৫. প্রশিক্ষণ/কর্মশালা :** সভাপতি মহোদয় চলমান পরিস্থিতিতে সকল অধিদপ্তর/দপ্তরকে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালাগুলো অনলাইনের মাধ্যমে আয়োজনের নির্দেশনা প্রদান করেন।

**০৬. প্রকল্পের পাইলটিং :** স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি ৩টি প্রকল্পের পাইলটিং সমাপ্ত হয়েছে মর্মে জানান।

**০৭. বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন :** সভাপতি মহোদয় সকল অধিদপ্তর/দপ্তরকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১০ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে প্রমানকসহ প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

০৭.	সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৭.১ | স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তর/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী মাসিক সভা করবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে; | অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ০৭.২ | স্বাস্থ্য সেবা বিভাগ দেশের প্রতিটি বিভাগে শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেপ্লিকেশন করার জন্য কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহন করবে; | প্রশাসন-৪/প্রশাসন-২/বাজেট অধিশাখা |
| ০৭.৪ | সকল অধিদপ্তর/দপ্তর প্রশিক্ষণ/কর্মশালাগুলো চলমান পরিস্থিতির কথা বিবেচনা করে অনলাইনে আয়োজন করবে: | সকল অধিদপ্তর/দপ্তর |
| ০৭.৫ | অধিদপ্তরসমূহকে মাসিক সভায় স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসেবে রাখতে হবে; | অধিদপ্তর/দপ্তর |
| ০৭.৬ | সকল অধিদপ্তর/দপ্তরকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১০ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে প্রমানকসহ প্রেরণ করবে; | অধিদপ্তর/দপ্তর |

০৮.	আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অনলাইনে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং: ০৮.০৭.২০২০
(শেখ মুজিবর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০০০.০০১.২০২০-৮৫	তারিখ: ১২.০৭.২০২০ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ।

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. যুগ্মসচিব (বাজেট-১,২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মপ্রধান(পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপসচিব ((প্রশাসন-২ শাখা, নার্সিং-১ শাখা, ক্রয় ও সংগ্রহ-১/২, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।
১১. মো: আবুল বাশার, সহ:চিকিৎসা মনোবিজ্ঞানী, মানসিক রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ।

১২. মো: আবু জাহিদ হাসান, চিকিৎসা মনোবিজ্ঞানী, ক্লাউড জাপান ইন্টারন্যাশনাল বিডি লিমিটেড।
১৩. ডা: মফিজুল ইসলাম বুলবুল, ডিপিএম, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, ঢাকা।
১৪. ডা: গোলাম মুক্তাদির, কে-৭০, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
১৫. ডা: মো: গোলাম ফরহাদ, আবাসিক মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, ঝালকাঠী।
১৬. আফরোজা বানু, নার্সিং অফিসার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৭. মোছা: ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

<u>সদয় অবগতি ও কার্যার্থে:</u>

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২২/০৯/২০২০
(সারমিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@hsd.gov.bd